দৈনিক বাংলা

তারিখ ... 27.7.83

পৃষ্ঠা ... ৫ কলাম ... 1 ...

031

# দুবছর প্রশিক্ষণ

প্রাইমারী শিক্ষকদের প্রশিক্ষণ কর্মসূচী দুবছর করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। আগামী সেপ্টেম্বর থেকে দেশের ৪৯টি প্রাইমারী প্রশিক্ষণ ইনস্টিটিউটে এই কর্মসূচী চালু করা হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ঘোষণায় জানিয়েছেন, দু বছর মেয়াদী এই কর্মসূচী চালু হলে প্রাইমারী প্রশিক্ষণপ্রাপ্ত লোকেরা প্রাথমিক বিদ্যালয়ে চাকরি লাভের সুযোগ পাবে, এছাড়া পাবে উচ্চমাধ্যমিক মানের সার্টিফিকেট। এ সার্টিফিকেট দিয়ে তারা শিক্ষা ক্ষেত্রে বা সাধারণ ক্ষেত্রে ব্যাচেলর ডিগ্রি অর্জন করতে পারবে, তবে এই কর্মসূচী চালু হলেও পূর্বে যারা প্রশিক্ষণ পেয়েছেন তাদের কোন ক্ষতি হবে না।

আমাদের মনে হয় প্রশিক্ষণের মেয়াদ বৃদ্ধি সম্পর্কে কোন মহল থেকেই দ্বিমত প্রকাশ করা হবে না। সকল মহলই অভিন্ন মত পোষণ করে যে প্রাথমিক বিদ্যার্জনের প্রাথমিক স্তরে যোগ্য শিক্ষক প্রয়োজন এবং প্রয়োজন শিক্ষার মান উন্নয়ন। সেদিক থেকে এ পদক্ষেপ নিঃসন্দেহে অভিনন্দনযোগ্য।

কিন্তু এর দুটি ভিন্ন দিকও আছে বলে আমরা মনে করি। এর প্রথমটি হচ্ছে এসএসসি পরীক্ষা উত্তীর্ণ হয়ে দুবছর প্রশিক্ষণ নেওয়ার পরে ব্যাচেলরের ডিগ্রি অর্জন। এবং দ্বিতীয় হচ্ছে, দুবছর পর্যন্ত বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষকদের প্রশিক্ষণে যাওয়ার জন্য শূন্যপদ পূরণের প্রশ্ন। আমাদের মনে হয় এসএসসি পরীক্ষায় পাস করে দুবছর প্রশিক্ষণ গ্রহণের পর ব্যাচেলর ডিগ্রির যোগ্যতা অর্জন করা বর্তমান শিক্ষা ব্যবস্থার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়।

দ্বিতীয় প্রশ্ন দেখা দেবে শিক্ষক সংকট নিয়ে। বর্তমানে আমাদের দেশে বছরে ৯ হাজার শিক্ষক প্রশিক্ষণ পেয়ে থাকে। দুবছরের কর্মসূচী চালু হলে প্রতিবছর সাড়ে চার হাজার ব্যক্তি প্রশিক্ষণ পেয়ে বের হয়ে আসবে। এর মধ্যে শতকরা ৫০ ভাগ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক হলে সোয়া দু হাজার শিক্ষকের পদ শূন্য থাকবে বিভিন্ন বিদ্যালয়ে। এছাড়া পরীক্ষা দিলেই সবাই নিয়মিত উত্তীর্ণ হয়ে আসবে সে আশাও করা যায় না। ফলে দুটি বছর বিভিন্ন বিদ্যালয়ে শিক্ষকের পদ শূন্য থাকার সম্ভাবনা দেখা দেবে। শিক্ষকদের এই শূন্যস্থান পূরণ করার ব্যবস্থা গ্রহণ করা হবে।

এর পরেও আর একটি সমস্যা দেখা দিতে পারে ভবিষ্যতে। সে সমস্যা হচ্ছে এক বছর ও দু বছরে প্রশিক্ষণ গ্রহণকারী শিক্ষকদের মধ্যে যোগ্যতা ও সুযোগের তারতম্য। এবং দেখা যাবে যে একবছর প্রশিক্ষণ গ্রহণকারী শিক্ষকরাও তাদের জন্য নতুন করে আরও একবছরের প্রশিক্ষণের কথা উত্থাপন করবে। তারাও চাইবে সকলের সাথে একই মর্যাদা ও সুযোগ-সুবিধা উপভোগ করতে।

তবে একথা সত্য যে নতুন কিছু করতে গেলে সমস্যা দেখা দেবেই। এবং সে সমস্যা সম্পর্কে আগে থেকে সতর্কতা অবলম্বনের জন্যই আমরা এই সম্ভাব্য সমস্যাগুলি উল্লেখ করলাম। এবং আশা করি যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এ প্রশ্নগুলি ভেবে দেখবেন।